

KNOW THE GLOW®



লিউককোরিয়া হলো চোখের মনির ভেতর লুকিয়ে থাকা এক ধরনের গ্লো যা শিশুদের চোখের অনেক ধরনের অসুখকে নির্দেশ করে এবং এটি শৈশব অন্ধত্ব প্রতিরোধের একটি অন্যতম সাংকেতিক চিহ্ন।

সৌভাগ্যক্রমে, চোখের এই গ্লো সাধারণ ফ্লাস লাইটের আলোতে ছবি তুলেই বোঝা যায়। বিশ্বব্যাপী মাতা-পিতারা এই গ্লো দেখে শৈশবেই শিশুর চোখের সমস্যা চিহ্নিত করে তাকে চিকিৎসার আওতায় আনতে পারেন।

লক্ষ্য

বিশ্বব্যাপী প্রতিরোধযোগ্য শৈশব অন্ধত্ব দূর করা।

উদ্দেশ্য

সাধারণ জনগণকে সচেতন এবং চিকিৎসক সম্প্রদায়কে সক্রিয় করার মাধ্যমে চোখের গ্লো চিহ্নিত করে যথাযথ চিকিৎসার মাধ্যমে শৈশব অন্ধত্ব প্রতিরোধ করা।



FACTS ABOUT

T HE GLOW

- প্রতি ৮০ জনের ভেতর একজনের চোখে গ্লো দেখতে পাওয়া যায়।
- ৮০ শতাংশ ক্ষেত্রেই পরিবারের সদস্যরাই শিশুর চোখের গ্লো দেখেই রেটিনোব্লাস্টোমা এবং কোটস ডিজিজ চিহ্নিত করে থাকেন।
- গ্লো সাধারণত প্রায় ৩০ শতাংশ ক্ষেত্রে অ্যামোলোপিয়া, কোটস ডিজিজ, কনজেনিটাল ক্যাটারাক্ট, রিফ্রাকটিভ ইরর, রেটিনাল ডিসপ্লেসিয়া এবং রেটিনোব্লাস্টোমা রোগের প্রাথমিক লক্ষণ নির্দেশ করে।

FACTS ABOUT

B
LIN
DNESS

- পৃথিবীর বিভিন্ন প্রান্তে প্রতি ৬০ সেকেন্ডে একটি শিশু অন্ধ হয়ে যায়।
- প্রতি বছর অর্ধ মিলিয়ন শিশু অন্ধত্ব বরণ করে।
- প্রতিরোধ না করলে ২০৫০ সালে অন্ধত্বের হার দ্বিগুন হতে পারে।
- আমেরিকায় ২০৫০ সালে অন্ধত্ব দ্বিগুন হবে বলে ধারণা করা হচ্ছে।
- ৮০% শৈশব অন্ধত্ব প্রতিরোধযোগ্য বা নিরাময়যোগ্য।
- আমেরিকার ৭৫ শতাংশ অন্ধব্যক্তি কর্মহীন।
- অন্ধত্বের কারণে বৈশ্বিক ক্ষতির পরিমাণ প্রায় ৩ ট্রিলিয়ন ডলার।
- অন্ধত্বের কারণে আমেরিকার বাৎসরিক ক্ষতির পরিমাণ প্রায় ১৩৯ বিলিয়ন ডলার।
- বিশ্বব্যাপী ৩৯ মিলিয়ন মানুষ অন্ধ।
- বিশ্বব্যাপী ২৮৫ মিলিয়ন মানুষ দৃষ্টি প্রতিবন্ধী।

 ছবি তুলুন, পরীক্ষা করুন

সাধারণত ফ্লাস দিয়ে ছবি তুললে চোখের মনির উপরে একটি সাদা, অস্বচ্ছ এবং হলুদ রঙের স্পট দেখা যায় যা গ্লো হিসেবে চিহ্নিত হয় এবং এই গ্লো প্রায় ৩০টির মতো চোখের প্রতিরোধযোগ্য অসুখকে নির্দেশ করে।

শিশুর মাতা-পিতার জন্য:



১. নতুন ছবি উঠিয়ে বা পুরাতন ছবিতে দেখুন শিশুর চোখে কোনো গ্লো দেখা যায় কিনা।
২. ক্যামেরার ভেতর দিয়ে সরাসরি তাকিয়ে দেখুন কোনো গ্লো দেখা যায় কিনা।
৩. সঠিকভাবে চোখের গ্লো চিহ্নিত করার জন্য ক্যামেরার রেড আই ডিটেকশন অপশন বন্ধ রাখুন।
৪. প্রথমবার চোখে গ্লো দেখা গেলে সতর্ক হোন। যদি একই চোখে আবারও গ্লো দেখা যায় তবে সক্রিয় হোন।
৫. একজন চক্ষু বিশেষজ্ঞ ডাক্তারের সঙ্গে যোগাযোগ করুন এবং চোখের প্রয়োজনীয় পরীক্ষা করান।
৬. গ্লো বোঝা যায় এমন ছবি প্রিন্ট করে নিয়ে ডাক্তারকে দেখান।
৭. গ্লো বিষয়ে সবাইকে জানার সুযোগ করে দিন। বিশেষ করে শিশুদের পিতামাতাকে।



কারণ প্রতিরোধযোগ্য চোখের অসুখের জন্য কোনো

শিশুকে অন্ধত্ব বরণ করতে দেওয়া যাবে না।

For more information about "The Glow," go to www.knowtheglow.org

Sources: 10 FACTS ABOUT BLINDNESS AND VISUAL IMPAIRMENT. http://www.salute.gov.it/imgs/C_17_publicazioni_1656_ulterioriallegati_ulterioreallegato_0_alleg.pdf. 10 little-known facts about blindness. (2015, September 24). <https://www.perkins.org/stories/10-little-known-facts-about-blindness>. April 2010 Issue. <https://retinatoday.com/issues/2010-apr>. Balmer, A., & Munier, F. (2007, December). Differential diagnosis of leukocoria and strabismus, first presenting signs of retinoblastoma. <https://www.ncbi.nlm.nih.gov/pmc/articles/PMC2704541/>. The Economic Burden of Vision Loss and Eye Disorders in the United States. <https://www.norc.org/Research/Projects/Pages/the-economic-burden-of-vision-loss-and-eye-disorders-in-the-united-states.aspx>. Global Blindness Projected to Triple by 2050. (2018, May 18). <https://www.seeintl.org/global-blindness-2050/>. Hollows, F. (2017, April 21). The five facts about childhood blindness you need to know. <https://medium.com/@FredHollows/the-five-facts-about-childhood-blindness-you-need-to-know-eb8149eccee>. Hollows, F. (2017, April 21). The five facts about childhood blindness you need to know. <https://medium.com/@FredHollows/the-five-facts-about-childhood-blindness-you-need-to-know-eb8149eccee>. Munson, M. C., Plewman, D. L., Baumer, K. M., Henning, R., Zahler, C. T., Kietzman, A. T., ... Shaw, B. F. (2019, October 2). Autonomous early detection of eye disease in childhood photographs. <https://www.ncbi.nlm.nih.gov/pmc/articles/PMC6774731/>. Myers, C. (2016, November 2). High Rate of Unemployment for the Blind. <https://workchron.com/high-rate-unemployment-blind-1432.html>. Potential disease detection using photographs in childhood vision screenings. (2016, February 17). <https://knowtheglow.org/research-efforts-focus-on-increased-glow-detection-through-vision-screening/>. Visual impairment, blindness cases in U.S. expected to double by 2050. <https://www.nei.nih.gov/about/news-and-events/news/visual-impairment-blindness-cases-us-expected-double-2050>